



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা
গাইড হাউজ (৭ম ও ১০ম তলা) নিউ বেইলি রোড, ঢাকা
www.dme.gov.bd



স্মারক নং-এণ.২৫.০০০০.০০৩.০৭.০০১.২০-৪৪৬

তারিখ: ৩০ শ্রাবণ ১৪২২
১৪ আগষ্ট ২০২২

বিষয়: সাপ্তাহিক ছুটির দিন শুল্কবার মাদ্রাসার জনবল নিয়োগের পরীক্ষা অনুষ্ঠান এবং পর্যাপ্ত সময় হাতে রেখে মহাপরিচালকের প্রতিনিধি চেয়ে আবেদন দাখিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন কামিল, ফাজিল, আলিম ও দাখিল স্তরের মাদ্রাসা রয়েছে। এসব মাদ্রাসায় NTRCA বহির্ভূত বিভিন্ন পদে গভর্নিংবডি/মানেজিং কমিটির মাধ্যমে নিয়োগের লক্ষ্যে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধি চেয়ে আবেদন করা হয়। কিছু অধিকাংশ ক্ষেত্রেই দেখা যায় আবেদনের সাথে প্রয়োজনীয় ডকুমেন্টস থাকে না; তাছাড়া অনেক সময় পত্রিকার বিজ্ঞপ্তির সময়সীমা/সীকৃতির মেয়াদের শেষ প্রান্তে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধি চেয়ে আবেদন দাখিল করা হয়। ফলে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধি মনোনয়নের পর নিয়োগ কার্যক্রমের জন্য অল্প সময় থাকে। মাদ্রাসার নিয়োগ কমিটিতে প্রতিনিধি মনোনয়নের আদেশে সাপ্তাহিক ছুটির দিন নিয়োগ পরীক্ষা আয়োজনের জন্য নির্দেশনা থাকে। কিন্তু অনেক মাদ্রাসায় নিয়োগ পরীক্ষার জন্য মাদ্রাসার ক্লাস চলাকালীন দিন ধার্য করা হয়। মাদ্রাসা খোলার তারিখে/ক্লাস চলাকালীন নিয়োগ পরীক্ষা হলে মাদ্রাসার স্বাভাবিক শিক্ষা কার্যক্রম দাবুনভাবে ব্যাহত হয়। উল্লেখ্য বিসিএস ও ব্যাংকার্স রিক্রুটমেন্ট কমিটিসহ অনেক বড় ও গুরুত্বপূর্ণ নিয়োগ পরীক্ষা সপ্তাহের শুল্কবারই অনুষ্ঠিত হয়ে থাকে।

এমতাবস্থায়, এখন থেকে মাদ্রাসার নিয়োগ পরীক্ষা শুল্কবার (সরকারি সিদ্ধান্তে কোন জাতীয় দিবস না থাকলে) আয়োজন করার জন্য অনুরোধ করা হলো। নিয়োগ প্রাপ্তদের এমপিওভুক্তির আবেদনে দাখিলকৃত নিয়োগ পরীক্ষার ফলাফল/টেন্ডুলেশন শীটে তারিখের সাথে সাপ্তাহিক বার ও উল্লেখ করার জন্য অনুরোধ করা হলো। তাছাড়া পর্যাপ্তসময় হাতে রেখে নিয়োগ কমিটিতে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধি চেওয়ার আবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো। কোন অবস্থাতেই মাদ্রাসা খোলার তারিখে/ক্লাস চলাকালীন মাদ্রাসার নিয়োগ পরীক্ষা গ্রহণ না করার জন্য অনুরোধ করা হলো।

সভাপতি/অধ্যক্ষ..... (সকল কামিল/ফাজিল/আলিম/দাখিল মাদ্রাসা)

স্মারক নং-এণ.২৫.০০০০.০০৩.০৭.০০১.২০-৪৪৬(২)

তারিখ: ৩০ শ্রাবণ ১৪২২
১৪ আগষ্ট ২০২২

অনুলিপি সময় জ্ঞাতার্থে:

- ১। সচিব মহোদয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
- ২। উপাচার্য, ইসলামী অরবি বিশ্ববিদ্যালয়, সপ্তাহের শুল্কবার নিয়োগ পরীক্ষা নিশ্চিতকরণে তার মনোনীত
- ৩। বিভাগীয় কমিশনার.....(সকল)
- ৪। জেলা প্রশাসক (সকল)
- ৫। উপজেলা নির্বাহী অফিসার ... (সকল)
- ৬। জেলা শিক্ষা অফিসার (সকল)
- ৭। উপজেলা/খানা মাধ্যমিক শিক্ষা অফিসার.....(সকল)

প্রতিনিধিকে অবহিত করার অনুরোধসহ
আওতাধীন সকল মাদ্রাসায় উপরিউক্ত
নির্দেশনা নিশ্চিতকরণের অনুরোধসহ।

কার্যার্থে:

- ১। পরিচালক/উপ-পরিচালক/সহকারী পরিচালক/পরিদর্শক (সকল), মাশিঅ/.....

মাদ্রাসার নিয়োগ পরীক্ষা শুল্কবার আয়োজন নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো।

- ২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাশিঅ

28.08.2022
মোঃ আফাজ উদ্দিন

সহকারী পরিচালক (সে: ও সিনি: মাদ্রাসা)

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

ফোন: ৪১০০০১৬৭

ই-মেইল: afazsazid@gmail.com